


চে <SI>

শামসু রহমান



শ্রম নিষ্ঠা আর ভালবাসায় -
বাতরবিহীন বিবর্ণ
বিস্তীর্ণ নীরস
জমিনে
লেপে দেবে পলির আস্তর।
পরতহীন আড়তে
ভঙ্গুর লৌহ আকরিকে
রচিবে
ঝলমলে ইম্পাত।
আর সৃষ্টির শ্রেষ্ঠত্ব প্রমাণে
জঠরের আয়তনে
নির্ধারিত হবে
বন্টনের বিধান।

শুভ্র বেলির নিষ্পাপ রেণু। কামা-রতি'র
পার্থিব প্রসন্নতা;
সম্মে ফুলের হলদে বাহার
লাটাই-সুতা রঙিন ঘুম্ভি আর, শতরঞ্জি
প্রজাপতির ডানা মেলা রূপ- এসবই মানুষের।

আদ্যিকালে ওদের এসব বলতে শুনেছি, সদম্ভে
মায়া'র কীর্তিসম্ভে দাঁড়িয়ে।

আজ এসবই পুরাকালীন কাহিনী।

লেনার নোনা জলের বালিতে
মানবতার বুক চিরে
গজিয়েছে
এক প্রকাণ্ড পাহাড়। চূড়ায় বসে
ওরই পাহারাদার, একদিন যাদের দেখানো স্বপ্নে
রাঙ্গিয়েছি হৃদয়।
ওরা মিশে গেছে সংখ্যালঘুদের দলে-
সদল বলে।

দশদিন দশদিক তছনছ করে, পুনর্বীর
আজ আর সাজানোর আয়োজন নেই বিশ্ব উঠানে।
তবে তুমি আছ! সমস্তে ঝুলে থাক শোভা বর্ধনে;
মুনাফা বৃদ্ধি কৌশলী কেতাবের কাতারে কাতারে
সাজানো বৈঠকখানার দে'য়াল জুড়ে।